শিক্ষা বিষয়ক শাখা
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

ACADEMIC SECTION
BANGLADESH AGRICULTURAL UNIVERSITY
MYMENSINGH

Phone: 091-67401-6/2124, Fax: 880-91-66846, E-mail: aca@bau.edu.bd, Website: www. bau.edu.bd

নং-শা-১/ভ-০১/২০/৫৮/শিক্ষা তারিখঃ ২৩-০১-২০২২

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২১ শিক্ষাবর্ষের স্নাতক (লেভেল-১, সিমেস্টার-১) শ্রেণীর -

১. **ভর্তির প্রাথমিক ধাপ সম্পন্ন করা প্রার্থীদেরকে (যারা অনলাইনে ভর্তি ফি ১০,০০০/- জমা দিয়েছে)** (সাধারণ, মুক্তিযোদ্ধা কোটা এবং উপজাতীয় কোটা) আগামী **২৫ থেকে ২৭ জানুয়ারি ২০২২** তারিখ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টার মধ্যে প্রশাসন ভবন সংলগ্ন আমতলায় স্থাপিত 'বাঁধন' এর অস্থায়ী বুথে সশরিরে উপস্থিত থেকে ব্লাড গ্রুপিং করিয়ে রিপোর্ট সংগ্রহ করতঃ শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে স্থাপিত মেডিক্যাল বোর্ড-এ স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে নিম্নবর্ণিত স্থান সমূহে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে ঃ

| অনুষদ/বিভিন্ন অফিস | ভর্তির তারিখ | রিপোর্টের স্থান |
|---|---|---|
| কৃষি অনুষদ | ২৫-০১-২০২২ | সংশ্লিষ্ট ডীন অফিস |
| ভেটেরিনারি ও পশু পালন অনুষদ | ২৬-০১-২০২২ | সংশ্লিষ্ট ডীন অফিস |
| কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদ, কৃষি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ, মাৎস্য বিজ্ঞান অনুষদ, ইন্টারডিসিপ্লিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি (আইআইএফএস) এবং বায়োইনফরম্যাটিক্স ইঞ্জিনিয়ারিং | ২৭-০১-২০২২ | সংশ্লিষ্ট ডীন অফিস/পরিচালকের কার্যালয় |
| সকল হলের প্রভোস্ট এবং প্রোক্টর | ২৫-০১-২০২২ থেকে ২৭-০১-২০২২ | টিএসসি কনফারেন্স হল |
| রেজিস্ট্রার এবং চীফ মেডিক্যাল অফিসার | ২৫-০১-২০২২ থেকে ২৭-০১-২০২২ | শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তন |

২. **ভর্তির সময় প্রার্থীদেরকে -**

I. ভর্তি পরীক্ষার জন্য প্রদত্ত প্রবেশপত্র সংগে আনতে হবে।

II. ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত মূল ভর্তি ফর্মে সংশ্লিষ্ট অনুষদীয় ডীন, প্রোক্টর, হল প্রভোস্ট ও রেজিস্ট্রারের স্বাক্ষর নিয়ে ভর্তি ফরম, রেজিষ্ট্রেশন ফরম, মেডিক্যাল ফরম এবং এসএসসি ও এইচএসসি এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, এইচএসসির মূল প্রশংসাপত্র ও দুই কপি পাসপোর্ট সাইজের ফটো শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে স্থাপিত বুথে জমা দিতে হবে।

**সংরক্ষিত আসনের জন্য (উপরোল্লেখিত কাগজপত্র ছাড়াও) -**

i. মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদেরকে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র ভর্তির সময় দেখাতে হবে এবং এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

ii. মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদেরকে মুক্তিযোদ্ধার সাথে পারিবারিক সম্পর্কের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধার সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গরমিল থাকলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নত্রের মূল কপি জমা দিতে হবে। উভয় প্রত্যয়নপত্রই জেলা প্রশাসক/ইউএনও/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।

iii. বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি প্রার্থীদের স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের মূল কপি জমা দিতে হবে।

III. শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে স্থাপিত পূবালী ব্যাংক, বিশ্ববিদ্যালয় চত্বর শাখার অস্থায়ী বুথে সশরিরে উপস্থিত থেকে একটি সঞ্চয়ী হিসাব খুলতে হবে। সঞ্চয়ী হিসাব খোলার জন্য প্রয়োজন হবে ঃ

- প্রার্থীর NID এবং ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ফটো।
- নমিনির NID এবং ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ফটো।

IV. বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভর্তি ও আনুষাঙ্গিক ফি **৬,২১৪.০০ (ছয় হাজার দুইশত চৌদ্দ)** টাকা। অনলাইনে ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করায় প্রার্থীদেরকে নগদ কোন অর্থ প্রদান করতে হবে না। ফি গুলো নিম্নরূপ ঃ

- ভর্তি ফি ঃ ৫,১০৪.০০ (পাঁচ হাজার একশত চার) টাকা (লেভেল-১, সিমেস্টার-১ এর সিমেস্টার ফি ১২০০/- সহ),
- স্বাস্থ্য পরীক্ষা ফি ঃ ১৩০.০০ (একশত ত্রিশ) টাকা,
- রেজিষ্ট্রেশন ফি ঃ ১০০.০০ (একশত) টাকা,
- হল সংক্রান্ত ফি ঃ ৮৮০.০০ (আটশত আশি) টাকা।

**অনলাইনে প্রদানকৃত ১০,০০০/- (দশ হাজার) টাকা থেকে উক্ত ৬,২১৪.০০ (ছয় হাজার দুইশত চৌদ্দ) টাকা কর্তন করে পরবর্তীতে ছাত্র-ছাত্রীদের ব্যাংক একাউন্টে (পূবালী ব্যাংক, বিশ্ববিদ্যালয় চত্বর শাখা) ফেরত প্রদান করা হবে।**

৩. কেন্দ্রীয় ওরিয়েন্টেশন, অনুষদ ভিত্তিক ওরিয়েন্টেশন, হল ভিত্তিক ওরিয়েন্টেশন এবং ক্লাশ শুরুর তারিখ পরবর্তিতে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

**৪. ভর্তি বাতিল সংক্রান্ত তথ্য ঃ**

- **i.** প্রদানকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট/প্রশংসাপত্র/সনদপত্র/প্রত্যয়নপত্র ভুল প্রমানিত হলে ভর্তি বাতিল হয়ে যাবে।
- **ii.** ক্লাশ শুরুর প্রথম ১৫ দিন ক্লাশ না করলে ভর্তি বাতিল হয়ে যাবে।
- **iii.** ৬০% ক্লাস উপস্থিতিসহ সকল কোর্সে ক্লাস টেস্ট পরীক্ষায় অংশগ্রহণ না করলে ভর্তি বাতিল হয়ে যাবে।
- **iv.** ভর্তি বাতিল হলে বা করলে ভর্তি বাতিল ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে
স্বা/-
রেজিস্ট্রার